গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড

# বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর ২৯-০২-২০০৪ খ্রিঃ / ১৭-১১-১৪১০ বঙ্গাব্দ তারিখে অনুষ্ঠিত ১ম সভার.কার্যবিবরণী।

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ১ম সভা গত ২৯-০২-২০০৪ তারিখ রোজ রবিবার বেলা ১২.০০ টায় সংস্থাপন মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব ও বোর্ডের সভাপতি সফর রাজ হোসেন এর সভাপতিত্বে বাংলাদেশ সচিবালয়ের লাইব্রেরী হলে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্য/কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট - 'ক' -তে দেখানো হ'ল।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ১ম সভা হিসাবে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড আইন, ২০০৪ সম্পর্কে বিস্তারিত আলোচনা করে সভার কাজ আনুষ্ঠানিকভাবে শুরু করার জন্য বোর্ডের মহা-পরিচালক ও সদস্য-সচিব- কে অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের মহা-পরিচালক ও সদস্য-সচিব জানান যে, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড' আইন, ২০০৪ গত ১৬ই মাঘ, ১৪১০ মোতাবেক ২৯ শে জানুয়ারী, ২০০৪ তারিখে রেজিস্টার্ড নং-ডি,এ-১ এর অতিরিক্ত সংখ্যায় বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে। এ আইনের বলে সাবেক সরকারী কর্মচারী কল্যাণ অধিদপ্তর ও সাবেক বোর্ড অব ট্রাষ্টিজ একীভূত হয়ে 'বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড' নামে কার্যক্রম শুরু করেছে। এ প্রসঙ্গে তিনি বলেন যে, সাবেক সরকারী কর্মচারী কল্যাণ অধিদপ্তরের বিভিন্ন কল্যাণমূলক কার্যক্রম বহুপূর্ব হতেই বিভাগীয় পর্যায়ে পরিচালিত হচ্ছে। অন্য দিকে সাবেক বোর্ড অব ট্রাষ্টিজের (কল্যাণ তহবিল ও যৌথবীমা তহবিল) বিভিন্ন কার্যক্রম কেন্দ্রীয়ভাবে ঢাকা হতে পরিচালিত হচ্ছে। বর্তমানে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড আইন, ২০০৪ প্রণীত হওয়ার প্রেক্ষিতে সাবেক বোর্ড অব ট্রাষ্টিজের কার্যক্রম এখন হতে বিভাগীয় পর্যায়ে আরম্ভ হবে। এতদ্‌বিষয়ে সদস্য-সচিব সকল সম্মানিত সদস্যগণকে জানান, ইতিপূর্বে বোর্ডের সকল সদস্যসহ সংশ্লিষ্ট সকলকে আইনের কপি সরবরাহ করা হয়েছে। তবে এ বিষয়ে সভাপতি মহোদয় এ আইন সম্পর্কে সকলকে অবহিত করনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নিমিত্তে জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের নিকট আইনের কপি প্রেরণের পরামর্শ প্রদান করেন এবং বিজ্ঞপ্তি আকারে বিভিন্ন মন্ত্রণালয়ে দেয়ার জন্য সিদ্ধান্ত প্রদান করেন। তিনি আরো জানান যে, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড আইন, ২০০৪ এর ধারা ৫(১) অনুযায়ী নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে বোর্ড গঠিত হয়েছে।

(ক) সংস্থাপন মন্ত্রণালয়ের সচিব, যিনি ইহার চেয়ারম্যান হবেন;
(খ) সমাজ কল্যাণ মন্ত্রনালয়ের সচিব;
(গ) সংস্থাপন মন্ত্রণালয়ের অতিরিক্ত-সচিব;
(ঘ) সংস্থাপন মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব(প্রশাসন);
(ঙ) অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের যুগ্ম-সচিব(বাজেট উইং);
(চ) মন্ত্রিপরিষদ বিভাগের যুগ্ম-সচিব;
(ছ) আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব;

(জ) বাংলাদেশ মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি (যুগ্ম-সচিব পদ মর্যাদা সম্পন্ন);

(ঝ) স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক;

(ঞ) মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহা-পরিচালক;

(ট) গণপূর্ত অধিদপ্তরের প্রধান প্রকৌশলী;

(ঠ) বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশনের চেয়ারম্যান;

(ড) আঞ্চলিক কল্যাণ কমিটির সভাপতি;

(ঢ) সংস্থাপন মন্ত্রণালয়ের উপ-সচিব (সচিবালয় ও কল্যাণ);

(ণ) বোর্ডের বিভাগীয় উপ-পরিচালক;

(ত) বাংলাদেশের তৃতীয় এবং চতুর্থ শ্রেণীর কর্মচারী কল্যাণ সমিতির নির্বাচিত প্রতিনিধিদের মধ্য হতে সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক মনোনীত তৃতীয় শ্রেণীর একজন প্রতিনিধি ও চতুর্থ শ্রেণীর একজন প্রতিনিধি;

(থ) বোর্ডের মহা-পরিচালক, যিনি এর সদস্য-সচিব;

## বোর্ডের কার্যাবলী ঃ

(ক) কল্যাণ তহবিল ও বীমা তহবিল এর যথাযথ পরিচালন, ব্যবস্থাপনা ও হিসাব সংরক্ষণ;

(খ) এ আইনের উদ্দেশ্য পূরণকল্পে কর্মচারীদের জীবন বীমাকরণের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন এবং কর্মচারীদের জীবন বীমাকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট বীমা প্রতিষ্ঠানকে প্রিমিয়াম পরিশোধ;

(গ) বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে লাভজনক খাতে কর্মচালী কল্যাণ তহবিল ও বীমা তহবিল এর অর্থ বিনিয়োগ;

(ঘ) কোন কর্মচারীর মৃত্যু হলে উক্ত কর্মচারীর পরিবারকে যৌথবীমা বাবদ উক্ত কর্মচারীর ২৪ মাসের মূল বেতনের সমপরিমান টাকা, যা সর্বাধিক ১ (এক) লক্ষ টাকার বেশী হবে না;

(ঙ) ধারা ১৬ এর বিধান অনুসারে কল্যান তহবিল হতে কল্যাণ ভাতা প্রদান;

(চ) কর্মরত ও অবসরপ্রাপ্ত কর্মচারী এবং তাঁর পরিবারের কোন সদস্যদের চিকিৎসার জন্য এবং মৃত্যুজনিত কারণে দাফন-কাফন বা অন্ত্যেষ্টিক্রিয়া বাবদ সাহায্য প্রদান;

(ছ) বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কর্মরত ও অবসরপ্রাপ্ত কর্মচারী এবং তার পরিবারের সদস্যদের কল্যাণ তহবিল ও বীমা তহবিল হতে অনুদান মঞ্জুর;

(জ) বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কল্যাণ তহবিল ও বীমা তহবিল এর বিষয়াদির পরিচালনা ও ব্যবস্থাপনার সহিত সংশ্লিষ্ট ব্যয় অনুদান মঞ্জুর;

(ঝ) কর্মরত কর্মচারীর জটিল ও ব্যয় বহুল রোগের ক্ষেত্রে দেশে ও বিদেশে চিকিৎসার জন্য সাহায্য প্রদান;

(ঞ) কর্মরত, অবসরপ্রাপ্ত, মৃত বা শারীরিক ও মানসিকভাবে অক্ষম কর্মচারীর অধ্যয়নরত সন্তানদের জন্য শিক্ষাবৃত্তি প্রদান;

(ট) বিনোদন, ক্রীড়া, সংস্কৃতি, স্বাস্থ্য, শিক্ষা ইত্যাদি ক্ষেত্রে কর্মচারীদের স্বার্থ সংরক্ষণের লক্ষ্যে প্রকল্প প্রণয়ন এবং ইহা বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ;

CamScanner

(ঠ) সমাজ উন্নয়নমূলক কার্যক্রমের বিভিন্ন ক্ষেত্রে কর্মচারীদের সক্রিয় অংশগ্রহণ এবং কর্মচারীদের আর্থ-সামাজিক উন্নয়নের জন্য তাঁদের মধ্যে উৎসাহ ও উদ্দীপনার সৃষ্টি করা;

(ড) কর্মচারীদের সময়মত কর্মস্থলে যাতায়াত সুবিধা প্রদানের জন্য প্রয়োজনীয় সংখ্যক যানবাহনের ব্যবস্থা করা;

(ঢ) কর্মরত ও অবসরপ্রাপ্ত কর্মচারী এবং তাঁর পরিবারের কোন সদস্যদের চিকিৎসা প্রদানের লক্ষ্যে হাসপাতাল প্রতিষ্ঠা, ইহার ব্যবস্থাপনা, পরিচালনা করা এবং তাঁদের জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসার জন্য দেশে বা দেশের বাহিরে কোন হাসপাতাল বা সংস্থার সহিত, প্রয়োজনে, সরকারের পূর্বানুমোদনক্রমে, চুক্তি সম্পাদন;

(ণ) কর্মচারীদের স্বল্প ব্যয়ে আবাসিক প্লট প্রদান বা তাঁদের আবাসনের সুযোগ-সুবিধা প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন;

(ত) কোন কর্মচারী সরকারী দায়িত্ব পালনের কারণে ব্যক্তিগতভাবে মামলায় জড়িত হয়ে পড়লে তাঁকে আইনগত ও আর্থিক সহায়তা প্রদান;

(থ) সময় সময় ও অবস্থার প্রেক্ষিতে যৌক্তিক, বাস্তবধর্মী ও অধিকতর কল্যাণমূখী নতুন নতুন কার্যক্রম গ্রহন ও বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন;

(দ) বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে আঞ্চলিক কমিটিকে প্রশাসনিক ও আর্থিক বিষয়ে ক্ষমতা প্রদান;

(ধ) উপরি-উক্ত কার্যাবলী সম্পাদনের জন্য প্রয়োজনীয় অন্য যে কোন ব্যবস্থা গ্রহণ।

এবং ধারা ৮(১) অনুযায়ী প্রত্যেক বিভাগে বোর্ডের একটি করে আঞ্চলিক কল্যাণ কমিটি থাকবে এবং নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে কমিটি গঠিত হবে।

(ক) বিভাগীয় কমিশনার, যিনি ইহার সভাপতিও হবেন;

(খ) বিভাগীয় কমিশনার কর্তৃক মনোনীত একজন অতিরিক্ত বিভাগীয় কমিশনার;

(গ) উপ মহা পুলিশ পরিদর্শক;

(ঘ) স্বাস্থ্য অধিদপ্তরের উপ-পরিচালক;

(ঙ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের উপ-পরিচালক;

(চ) সমাজ সেবা অধিদপ্তরের উপ-পরিচালক;

(ছ) গণপূর্ত অধিদপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী;

(জ) তৃতীয় এবং চতুর্থ শ্রেণীর বিভাগীয় কর্মচারী কল্যাণ সমিতির নির্বাচিত প্রতিনিধিদের মধ্য হতে বিভাগীয় কমিশনার কর্তৃক মনোনীত তৃতীয় শ্রেণীর একজন প্রতিনিধি ও চতুর্থ শ্রেণীর একজন প্রতিনিধি;

(ঝ) বোর্ডের সংশ্লিষ্ট বিভাগের বিভাগীয় উপ-পরিচালক, যিনি ইহার সদস্য-সচিবও হবেন।

<u>আঞ্চলিক বোর্ডের কার্যাবলী ঃ</u>

এ আইনের বিধানাবলী সাপেক্ষে, আঞ্চলিক কমিটি বোর্ড কর্তৃক নির্দেশিত কার্যাবলী সম্পাদন, ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব সম্পাদন করবে।

তাছাড়া, মহা-পরিচালক আইনে বর্ণিত বোর্ডের কার্যাবলী ও বোর্ডের তহবিলের উপরও আলোকপাত করেন। সভায় আলোচ্য বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

বিষয় ঃ ১। **সাবেক বাংলাদেশ সরকারী কর্মচারী কল্যাণ কমিটির ২৯-১২-২০০৩ তারিখে অনুষ্ঠিত ৪৬তম সভা এবং বোর্ড অব ট্রাষ্টিজ এর ০৪-১০-২০০৩ তারিখের অনুষ্ঠিত ৪৭তম সভার কার্যবিবরণী নিশ্চিত করন।**

সাবেক বাংলাদেশ কর্মচারী কল্যাণ কমিটির ২৯-১২-২০০৩ তারিখে অনুষ্ঠিত ৪৬তম সভার এবং সাবেক বোর্ড অব ট্রাষ্টিজ এর ০৪-১০-২০০৩ তারিখে অনুষ্ঠিত ৪৭তম সভার কার্য ববরণী সম্পর্কে সংশ্লিষ্ট সদস্য ও কর্মকর্তাদের নিকট হতে কোনরূপ মন্তব্য না পাওয়ায় কার্যবিবরণী নিশ্চিত (Confirm) করা হয়।

বিষয় ঃ ২। **সাবেক বাংলাদেশ সরকারী কর্মচারী কল্যাণ কমিটির ২৯-১২-২০০৩ তারিখে অনুষ্ঠিত ৪৬তম সভায় গৃহীত কর্মসূচীর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।**

সাবেক বাংলাদেশ সরকারী কর্মচারী কল্যাণ কমিটি "বাংলাদেশ ৩য় ও ৪র্থ শ্রেণীর সরকারী কর্মচারী সাহায্য তহবিল" প্রশাসনে উক্ত কমিটিকে সহায়তা করার জন্য নিম্নোক্তদের সমন্বয়ে কেন্দ্রীয় শিক্ষা বৃত্তি ও চিকিৎসা সাহায্য উপ-কমিটি এবং আঞ্চলিক শিক্ষাবৃত্তি ও চিকিৎসা সাহায্য উপ-কমিটি নামে দু'টি উপ-কমিটি গঠন করেছিল। সভায় বিস্তারিত আলোচনার পর উক্ত উপ-কমিটি সংশোধনপূর্বক নিম্নোরূপভাবে গঠনের সিদ্ধান্ত গ্রহন করা হয় ঃ-

**(ক) কেন্দ্রীয় শিক্ষা বৃত্তি, চিকিৎসা সাহায্য ও দাফন-কাফন/অন্ত্যেষ্টিক্রিয়া উপ-কমিটি ঃ**

| | | | |
|---|---|---|---|
| (০১) | অতিরিক্ত সচিব, সংস্থাপন মন্ত্রণালয় | - | সভাপতি |
| (০২) | যুগ্ম-সচিব (প্রশাসন), সংস্থাপন মন্ত্রণালয়। | - | সদস্য |
| (০৩) | অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের একজন প্রতিনিধি (উপ-সচিব পদমর্যাদা সম্পন্ন) | - | সদস্য |
| (০৪) | হিসাব মহা-নিয়ন্ত্রকের একজন প্রতিনিধি | - | সদস্য |
| (০৫) | উপ-সচিব(সওক), সংস্থাপন মন্ত্রণালয়। | - | সদস্য |
| (০৬) | শিক্ষা মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (উপ-সচিব পদমর্যাদা সম্পন্ন) | - | সদস্য |
| (০৭) | সিভিল সার্জন, বাংলাদেশ সচিবালয় এর প্রতিনিধি (মেডিকেল অফিসার পদমর্যাদা সম্পন্ন) | - | সদস্য |
| (০৮) | প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, সংস্থাপন মন্ত্রণালয়, মন্ত্রিপরিষদ বিভাগ ও প্রতিরক্ষা মন্ত্রণালয়। | - | সদস্য |
| (০৯) | তৃতীয় ও ৪র্থ শ্রেণীর সরকারী কর্মচারীগণের একজন করে প্রতিনিধি (সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক মনোনীত) | - | সদস্য |
| (১০) | মহা-পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। | - | সদস্য-সচিব |

**(খ) আঞ্চলিক শিক্ষা বৃত্তি, চিকিৎসা সাহায্য ও দাফন-কাফন/অন্ত্যেষ্টিক্রিয়া উপ-কমিটি ঃ**

| | | | |
|---|---|---|---|
| (০১) | অতিরিক্ত বিভাগীয় কমিশনার | - | সভাপতি |
| (০২) | উপ-পরিচালক, আঞ্চলিক কার্যালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর অথবা তার প্রতিনিধি (সহকারী পরিচালক পদমর্যাদা সম্পন্ন) | - | সদস্য |

(০৩) উপ-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, বিভাগীয় কার্যালয় অথবা প্রতিনিধি (সহকারী পরিচালক পদমর্যাদা সম্পন্ন) - সদস্য

(০৪) আঞ্চলিক হিসাব রক্ষণ কর্মকর্তা, - সদস্য

(০৫) তৃতীয় ও ৪র্থ শ্রেণীর সরকারী কর্মচারীগণের একজন করে প্রতিনিধি (সভাপতি কর্তৃক মনোনীত) - সদস্য

(০৬) উপ-পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। - সদস্য-সচিব

এছাড়া বাংলাদেশ ৩য় ও ৪র্থ শ্রেণীর সরকারী কর্মচারী সাহায্য তহবিল, কেন্দ্রীয় ও আঞ্চলিকভাবে শিক্ষাবৃত্তি ও চিকিৎসার সাহায্য এবং সাবেক বোর্ড অব ট্রাষ্টিজের বিশেষ সাহায্য (চিকিৎসা, শিক্ষা বৃত্তি ও দাফন-কাফন/অন্ত্যেষ্টিক্রিয়া) মঞ্জুরীর ক্ষেত্রে উপ-কমিটিকে সহায়তা প্রদানের লক্ষ্যে নিম্নোক্তভাবে বাছাই কমিটি গঠনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় ঃ-

**(ক) কেন্দ্রীয় বিশেষ সাহায্য (চিকিৎসা, শিক্ষাবৃত্তি ও দাফন-কাফন/অন্ত্যেষ্টিক্রিয়ার আবেদনপত্রসমূহ) বাছাই কমিটি ঃ**

(০১) উপ-পরিচালক (প্রশাসন ও কল্যাণ), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা - আহ্বায়ক

(০২) সিভিল সার্জন এর প্রতিনিধি (মেডিক্যাল অফিসার) - সদস্য

(০৩) সহকারী পরিচালক (প্রশাসন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা। - সদস্য

(০৪) সহকারী পরিচালক/প্রশাসনিক কর্মকর্তা (কল্যাণ) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা। - সদস্য

(০৫) হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা। - সদস্য

(০৬) কল্যাণ অফিসার (প্রশাসন) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা। - সদস্য

**(খ) কেন্দ্রীয় শিক্ষা বৃত্তি, চিকিৎসা ও দাফন-কাফন/অন্ত্যেষ্টিক্রিয়া সাহায্যের আবেদনপত্রসমূহ বাছাই কমিটি ঃ**

(০১) উপ-পরিচালক(কর্মসূচী ও যৌথবীমা), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা - আহ্বায়ক

(০২) সিভিল সার্জন এর প্রতিনিধি (মেডিক্যাল অফিসার) - সদস্য

(০৩) সহকারী পরিচালক(কর্মসূচী), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা। - সদস্য

(০৪) হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা। - সদস্য

(০৫) কল্যাণ অফিসার (কর্মসূচী) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা। - সদস্য

**(গ) বিভাগীয় চিকিৎসা সাহায্য, শিক্ষা বৃত্তি ও দাফন-কাফন/অন্ত্যেষ্টিক্রিয়ার আবেদনপত্রসমূহ বাছাই কমিটি ঃ**

(০১) উপ-পরিচালক, বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। - আহ্বায়ক

(০২) সিভিল সার্জন এর প্রতিনিধি
(মেডিক্যাল অফিসার) - সদস্য

(০৩) উপ-পরিচালক,
বিভাগীয় কার্যালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর। - সদস্য

(০৪) সহকারী পরিচালক/সহকারী পরিচালক (কল্যাণ ও যৌথ),
বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। - সদস্য

(০৫) হিসাব রক্ষণ কর্মকর্তা/সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা
বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। - সদস্য

(০৬) কল্যাণ অফিসার
বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। - সদস্য

**আলোচনা ঃ (ক) শিক্ষাবৃত্তি বন্টন (২০০৩-২০০৪ অর্থ বছর) ঃ**

২০০৩-২০০৪ অর্থ বছরে ৩য় ও ৪র্থ শ্রেণীর সরকারী কর্মচারীদের ছেলে মেয়েদের শিক্ষা বৃত্তি কার্যক্রম এর বিষয়ে আলোচনাকালে উপ-পরিচালক(কর্মসূচী), প্রধান কার্যালয় জানান যে, প্রধান কার্যালয়ে শিক্ষাবৃত্তি কার্যক্রম শেষ। তবে উপ-পরিচালক বিভাগীয় কার্যালয় ঢাকা, খুলনা, বরিশাল জানান যে, তাদের শিক্ষাবৃত্তি বন্টনের কার্যক্রম চলছে এবং শীঘ্রই শিক্ষাবৃত্তি বন্টনের কার্যক্রম সম্পন্ন হবে।

**সিদ্ধান্ত ঃ** বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড আইন ২০০৪ এর আলোকে নতুন বিধি ও প্রবিধি প্রণীত না হওয়া পর্যন্ত কেন্দ্রীয় শিক্ষাবৃত্তি ও আঞ্চলিক শিক্ষা বৃত্তি সাহায্য উপ-কমিটি পূর্বের ন্যায় উল্লেখিত শিক্ষাবৃত্তি বন্টনের কার্যাদি সম্পাদন করবে।

**আলোচনা ঃ (খ) চিকিৎসা, দাফন-কাফন/অন্ত্যেষ্টিক্রিয়া ও অন্যান্য কারনে সাহায্য বন্টন (২০০৩-২০০৪ অর্থ বছর)।**

২০০৩-২০০৪ অর্থ বছরে তৃতীয় ও ৪র্থ শ্রেণীর সরকারী কর্মচারীর নিজের ও পরিবারের নির্ভরশীল সদস্যদের চিকিৎসা ও দাফন-কাফন সাহায্য এবং কর্মকর্তার নিজের ও পরিবারের নির্ভরশীল সদস্যদের দাফন-কাফন/অন্ত্যেষ্টিক্রিয়ার সাহায্য এর বিষয়ে আলোচনাকালে প্রধান ও বিভাগীয় কার্যালয়ের উপ-পরিচালকগণ জানান যে, প্রাপ্ত আবেদন যাচাই-বাছাই কাজ চলছে, অর্থ বছরের বরাদ্দ পাওয়া গেলে কার্যক্রম শুরু হবে। এ প্রসঙ্গে বিভাগীয় কমিশনার খুলনা জানান, আবেদনকারীরা যাতে যথাসময়ে টাকা পেতে পারে সে বিষয়ে খেয়াল রাখা দরকার।

**সিদ্ধান্ত ঃ**

(১) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড আইন ২০০৪ এর আলোকে নতুন বিধি ও প্রবিধি প্রণীত না হওয়া পর্যন্ত কেন্দ্রীয় চিকিৎসা ও আঞ্চলিক চিকিৎসা সাহায্য উপ-কমিটি পূর্বের ন্যায় চিকিৎসা সাহায্য বন্টনের কার্যাদি সম্পাদন করবে।

(২) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের আগামী সভায় দাফন-কাফন/অন্ত্যেষ্টিক্রিয়ার সাহায্য বাবদ প্রতি বিভাগের জন্য আলাদা থোক বরাদ্দ রাখা হবে বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচনা ঃ (গ) সরকারী কর্মচারীদের সময়মত অফিসে আসা-যাওয়ার জন্য ষ্টাফ বাস কর্মসূচী পরিচালনা ঃ**

ষ্টাফ বাস কর্মসূচী পরিচালনা সম্পর্কে বোর্ডের মহা-পরিচালক সকল সদস্যকে জানান যে, ষ্টাফ বাস কর্মসূচীটি যথাযথভাবে পরিচালনা করা হচ্ছে। তবে রাংগামাটি, বান্দরবান, খাগড়াছড়ি জেলার প্রতিটির জন্য ১টি করে ৩টি মাইক্রোবাস ও সিলেট বিভাগীয় সদরের জন্য ১ টি মিনিবাসসহ মোট ৪ টি

গাড়ী ক্রয়ের জন্য সরকারের সংশোধিত রাজস্ব বাজেটে অর্থ বরাদ্দ চাওয়া হয়েছে এবং অর্থ বরাদ্দ পাওয়া গেলে গাড়ী ক্রয়ের ব্যবস্থা গ্রহন করা হবে।

**সিদ্ধান্ত ঃ** প্রয়োজনীয় অর্থ বরাদ্দ পাওয়া গেলে ৩ টি মাইক্রোবাস ও ১ টি মিনিবাসসহ মোট ৪ টি গাড়ী ক্রয়ের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

**আলোচনা ঃ (ঘ) সরকারী কর্মচারীদের জন্য ২০০৩-২০০৪ অর্থ বছরে গৃহীত কল্যাণমূলক কার্যক্রম ঃ**

সরকারী কর্মকর্তা/কর্মচারীদের সামাজিক, সাংস্কৃতিক, খেলাধূলা ও চিত্তবিনোদনমূলক কার্যক্রম পরিচালনার জন্য সরকার প্রতি বছর রাজস্ব বাজেটে অনুদান হিসাবে অর্থ বরাদ্দ করে থাকে। বরাদ্দকৃত অর্থ দ্বারা সরকারী কর্মচারীদের ক্লাব, কমিউনিটি সেন্টার স্থাপন, সম্প্রসারণসহ ক্লাব কর্তৃক গৃহীত বিভিন্ন কল্যাণমূলক কর্মসূচী বাস্তবায়নের জন্য অনুদান বরাদ্দ ছাড়াও ঢাকা মহানগরীসহ বিভাগীয় পর্যায়ে সরকারী কর্মকর্তা/কর্মচারী ও তাদের সন্তানদের মধ্যে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয়ে থাকে এবং ইতিমধ্যে ঢাকা মহানগরী, ঢাকা বিভাগ ও বরিশাল বিভাগে ক্রীড়ানুষ্ঠান সমাপ্ত হয়েছে বলে সভাকে অবহিত করা হয়।

**সিদ্ধান্ত ঃ** যে সকল বিভাগে এখনও ক্রীড়ানুষ্ঠান সম্পন্ন হয়নি তা সুষ্ঠুভাবে সম্পাদনের উদ্দ্যেশ্যে বিভাগীয় কমিশনারগনের সহযোগিতা কামনা করা হয়।

**আলোচনা ঃ (ঙ) অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতির বার্ষিক অনুদান সংক্রান্ত ঃ**

২০০৩-২০০৪ অর্থ বছরে অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতির বহুমূখী কল্যাণ প্রকল্প বাস্তবায়নের জন্য সরকারের রাজস্ব বাজেটে টাঃ ৭৫,০০,০০০.০০ (পঁচাত্তর লক্ষ) মাত্র হতে দুই কিস্তিতে অর্থ ছাড় করা হয়েছে বলে সভাকে অবহিত করা হয়।

**সিদ্ধান্ত ঃ** অবসর প্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতির অবশিষ্ট কিস্তির অর্থ ছাড় করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

**বিষয় ঃ ৩। দেশে ও বিদেশে সরকারী কর্মচারীদের জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা তহবিল সংক্রান্ত।**

সরকারী কর্মচারীদের নিজের জটিল ও ব্যয়বহুল রোগের দেশে ও বিদেশে চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদানের উদ্দেশ্যে কল্যাণমূলক কর্মসূচীর অধীনে দুরারোগ্য ও ব্যয় বহুল রোগের চিকিৎসা সাহায্য তহবিল নামে একটি তহবিল রয়েছে এবং ২০০৩-২০০৪ অর্থ বছরে বরাদ্দকৃত টাঃ২.০০ কোটি (দুই কোটি ) মাত্র হতে ৩৩৪ টি আবেদন পত্রের অনুকূলে টাঃ ১,৭৩,১২,০০০/- ( এক কোটি তিহাত্তর লক্ষ বার হাজার) মাত্র মঞ্জুরী প্রদান করা হয়েছে বলে মহা-পরিচালক সভাকে অবহিত করেন। বর্তমানে ২৫০টি আবেদনপত্র পরীক্ষা-নিরীক্ষা ও সুপারিশের জন্য মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তরে এবং ৪২১ টি আবেদনপত্র অত্র বোর্ডে জমা রয়েছে। ঐ সমস্ত আবেদনপত্র বিবেচনার জন্য ২০০৩-২০০৪ অর্থ বছরে বরাদ্দকৃত টাঃ২.০০ কোটি (দুই কোটি) মাত্র এর অতিরিক্ত অর্থ প্রয়োজন হবে বলে সংশোধিত বাজেটে আরও অতিরিক্ত টাঃ ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) মাত্র বরাদ্দের বিষয়ে আলোচনা হয়। বোর্ড সভায় বিস্তারিত আলোচনা করে ২০০৩-২০০৪ অর্থ বছরে সংশোধিত বাজেটে আরও অতিরিক্ত টাঃ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) মাত্র বরাদ্দের জন্য বোর্ড কর্তৃক সর্বসম্মতিক্রমে সুপারিশ করা হয়।

CamScanner

**সিদ্ধান্ত ঃ** (১) দেশে ও বিদেশে সরকারী কর্মচারীদের জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা কার্যক্রম নতুন আইনের বলে বিধি বিধান প্রণীত না হওয়া পর্যন্ত পূর্বের ন্যায় কেন্দ্রীয়ভাবে পরিচালিত হবে।

(২) ২০০৩-২০০৪ অর্থ বছরে সংশোধিত বাজেটে টাঃ ২.০০ কোটি (দুই কোটি) মাত্র এর অতিরিক্ত টাঃ২৫.০০ লক্ষ (পঁচিশ লক্ষ) মাত্র বরাদ্দের বিষয়ে অর্থ মন্ত্রণালয়কে অনুরোধ করা যেতে পারে।

**বিষয় ঃ ৪। সাবেক বোর্ড অব ট্রাষ্টিজ এর ৪৭তম বোর্ড সভায় গৃহীত কর্মসূচী বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ঃ**

**(ক) কল্যাণ তহবিল ঃ**

সাবেক বোর্ড অব ট্রাষ্টিজ এর ২০০৩-২০০৪ অর্থ বছরে বিশেষ সাহায্য খাতে টাঃ ৫.০০ কোটি (পাঁচ কোটি) মাত্র এবং মাসিক কল্যাণ ভাতা খাতে টাঃ ৩৫.০০ কোটি (পঁয়ত্রিশ কোটি) মাত্র হতে বিশেষ সাহায্য খাতে ১৬ টি সভার মাধ্যমে ৫,৩৫৬ টি এবং দাফন-কাফনের ৩১টি আবেদনসহ মোট ৫,৩৮৭ টি আবেদনের অনুকূলে টাঃ ৩,১৪,৬৬,৮৫০/- (তিন কোটি চৌদ্দ লক্ষ ছেষট্টি হাজার আটশত পঞ্চাশ) মাত্র এবং মাসিক কল্যাণ ভাতা হিসেবে পূর্ববর্তী বছরসমূহে মঞ্জুরীকৃত ও চলতি ২০০৩-২০০৪ অর্থ বছরে ১,৭৬৪ টি মঞ্জুরীকৃত কার্ডের অনুকূলে টাঃ ১০,৭৫,৭৯,১৮৮.৩০ (দশ কোটি পচাত্তর লক্ষ উনআশি হাজার একশত আটাশি এবং পয়সা ত্রিশ) মাত্র মঞ্জুরী প্রদান করা হয় বলে মহা-পরিচালক সভাকে অবহিত করেন।

**(খ) যৌথবীমা তহবিল ঃ**

সাবেক বোর্ড অব ট্রাষ্টিজ এর যৌথবীমা তহবিলের ২০০৩-২০০৪ অর্থ বছরে যৌথবীমার দাবী পরিশোধ খাতে বরাদ্দকৃত টাঃ ১৯,৬৫,৯২,০০০/- (উনিশ কোটি পঁয়ষট্টি লক্ষ বিরানব্বই হাজার) মাত্র হতে ৩১-১২-২০০৩ ইং পর্যন্ত যৌথবীমার ৭৩১ টি দাবীর অনুকূলে টাঃ ৫,৯৫,৭৮,১৯৭/- (পাঁচ কোটি পঁচানব্বই লক্ষ আটাত্তর হাজার একশত সাতানব্বই) মাত্র মঞ্জুরী প্রদান করা হয়েছে বলে মহা-পরিচালক সভাকে অবহিত করে। মহা-পরিচালক সভাকে আরও অবহিত করেন যে, বিশেষ সাহায্য, মাসিক কল্যাণ ভাতা ও যৌথবীমা তহবিলে বরাদ্দকৃত অর্থ হতে মঞ্জুরীকৃত অর্থ বাদে যে অবশিষ্ট টাকা আছে তা মঞ্জুরীর কার্যক্রম অব্যাহত রয়েছে।

**বিষয় ঃ ৫। সাবেক সরকারী কর্মচারী কল্যাণ অধিদপ্তরের পদ সংরক্ষণ ও সাবেক বোর্ড অব ট্রাষ্টিজের পদসহ জনবল সকল বিভাগীয় কার্যালয়ে সমন্বয়ের মাধ্যমে স্থানান্তর এবং বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের কিছু পদ সৃজন।**

সাবেক সরকারী কর্মচারী কল্যাণ অধিদপ্তর ও বোর্ড অব ট্রাষ্টিজ একীভূতক্রমে 'বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড' গঠিত হওয়ায় এবং এর কল্যাণধর্মী কার্যক্রম তৃনমূল পর্যায়ে সম্প্রসারনের কারনে দুইটি সংস্থার জনবলের সমন্বয় এবং বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের একটি প্রস্তাবিত সাংগঠনিক কাঠামো সভায় পেশ করা হয় এবং এ বিষয়ে আলোচনা কালে বিভাগীয় কমিশনারগণ প্রস্তাবিত কাঠামোতে আরও কিছু পদ সৃজন করা প্রয়োজন বলে অভিমত ব্যক্ত করেন। তাছাড়া বিভাগীয় কমিশনারগণ আরো অভিমত ব্যক্ত করেন যে, সাবেক বোর্ড অব ট্রাষ্টিজ এর বিকেন্দ্রীকৃত কার্যক্রমসমূহ পরিচালনার জন্য বর্তমানে যে সকল কর্মচারী যে যে বিভাগের কাজ সম্পাদন করছে সে বিভাগে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের পদসহ পদায়ন করা যেতে পারে। এছাড়াও কাজের পরিধি ও গুরুত্ব অনুযায়ী কর্মকর্তা/কর্মচারীদের প্রয়োজনানুসারে অত্র বোর্ডের যে কোন অফিসে পদসহ পদায়ন করা যাবে বলেও আলোচনা হয়। সভায়

জনবলের প্রস্তাবিত সাংগঠনিক কাঠামো পর্যালোচনা ও সুপারিশের নিমিত্তে কর্মকর্তাদের নিয়ে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত ঃ**

(১) সাবেক বোর্ড অব ট্রাষ্টিজ এর কর্মকর্তা/কর্মচারী যে যে বিভাগে কাজ সম্পাদন করছেন তাদেরকে সে বিভাগে পদসহ পদায়নের ব্যবস্থা করতে হবে। এছাড়াও কাজের পরিধি ও গুরুত্ব অনুযায়ী কর্মকর্তা/কর্মচারীদের প্রয়োজনানুসারে অত্র বোর্ডের যে কোন অফিসে পদসহ পদায়ন করা যাবে।

(২) বোর্ডের জনবল সমন্বয় ও সাংগঠনিক কাঠামো প্রণয়ন ও সুপারিশের জন্য নিম্নোক্ত ৭ (সাত) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়।

| | | | |
|---|---|---|---|
| ০১। | যুগ্ম-সচিব (প্রশাসন), সংস্থাপন মন্ত্রণালয়। | - | সভাপতি |
| ০৩। | উপ-সচিব পর্যায়ের কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ। | - | সদস্য |
| ০৬। | উপ-সচিব(সওব্য), সংস্থাপন মন্ত্রণালয়। | - | সদস্য |
| ০৫। | উপ-সচিব পর্যায়ের কর্মকর্তা, আইন মন্ত্রণালয়। | - | সদস্য |
| ০৪। | উপ-সচিব পর্যায়ের কর্মকর্তা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়। | - | সদস্য |
| ০২। | উপ মহা নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সিএন্ডএজির কার্যালয়ের একজন উপ-সচিব পর্যায়ের কর্মকর্তা। | - | সদস্য |
| ০৭। | উপ-পরিচালক (প্রশাসন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা। | - | সদস্য-সচিব |

(৩) কমিটি আগামী ১ মাসের মধ্যে চেয়ারম্যান, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের নিকট জনবল সমন্বয়সহ সাংগঠনিক কাঠামো পেশ করবে।

**বিষয় ঃ ৬। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর তহবিলের ব্যাংক হিসাব পরিচালনা সংক্রান্ত।**

সাবেক সরকারী কর্মচারী কল্যাণ অধিদপ্তর কর্তৃক বিভিন্ন কল্যাণমূলক কর্মসূচী বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান কার্যালয়ের তহবিল ও ব্যাংক হিসাব পরিচালনায় ব্যাংকের চেকে মহা-পরিচালক ও উপ-পরিচালক (কর্মসূচী) এবং উপ-পরিচালক (প্রশাসন) স্বাক্ষর করতেন। বিভাগীয় পর্যায়ে উপ-পরিচালক ও সহকারী পরিচালক এবং সহকারী পরিচালক না থাকলে কল্যাণ অফিসার চেকে স্বাক্ষর করতেন। কিন্তু উপ-পরিচালক না থাকলে অতিরিক্ত বিভাগীয় কমিশনার ও সহকারী পরিচালক অথবা কল্যাণ অফিসারের যৌথ স্বাক্ষরে ব্যাংক হিসাব পরিচালিত হতো।

অন্য দিকে, সাবেক বোর্ড অব ট্রাষ্টিজ কর্তৃক পরিচালিত বিভিন্ন কল্যাণ কর্মসূচী বাস্তবায়নের ক্ষেত্রে বোর্ডের সচিব ও প্রশাসনিক কর্মকর্তার যৌথ স্বাক্ষরে ব্যাংক হিসাব পরিচালিত হতো।

এক্ষনে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড গঠিত হওয়ায় সাবেক বোর্ড অব ট্রাষ্টিজের বিভিন্ন কার্যক্রম বিভাগীয় পর্যায় হতে সম্পাদন করা হবে। বর্ণিত অবস্থায় সাবেক বোর্ড অব ট্রাষ্টিজের বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য ব্যাংক লেনদেনের হিসাব বোর্ডের সচিব ও প্রশাসনিক কর্মকর্তার যৌথ স্বাক্ষরের পরিবর্তে প্রধান কার্যালয়ের উপ-পরিচালক (প্রশাসন ও কল্যাণ) ও সহকারী-পরিচালক (প্রশাসন)/সহকারী পরিচালক/প্রশাসনিক অফিসার(কল্যাণ) এবং উপ-পরিচালক (কর্মসূচী ও যৌথবীমা) ও সহকারী পরিচালক

(কর্মসূচী)/সহকারী পরিচালক/প্রশাসনিক অফিসার (যৌথবীমা) এর যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে। বিভাগীয় কার্যালয়ে উপ-পরিচালক ও সহকারী পরিচালক(প্রশাসন/কল্যাণ ও যৌথবীমা) এবং সহকারী পরিচালক না থাকলে কল্যাণ অফিসার এর যৌথ স্বাক্ষরে পরিচালমা করা যেতে পারে। উল্লেখ্য যে, উপ-পরিচালক না থাকলে তাঁর পরিবর্তে অতিরিক্ত বিভাগীয় কমিশনার ও সহকারী পরিচালক (প্রশাসন/কল্যাণ ও যৌথবীমা) অথবা কল্যাণ অফিসারের যৌথ স্বাক্ষরে ব্যাংক হিসাবও পরিচালনা করা যায়।

সিদ্ধান্ত ঃ

(১) প্রধান কার্যালয়, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক মঞ্জুরীকৃত মাসিক কল্যাণ ভাতার দাবীনামা, বিশেষ সাহায্য, জটিল ও ব্যয় বহুল রোগের চিকিৎসা, দাফন-কাফন/অন্তেষ্টিক্রিয়া ও প্রাতিষ্ঠানিক ব্যাংক লেনদেন উপ-পরিচালক (প্রশাসন ও কল্যাণ) ও সহকারী পরিচালক (প্রশাসন)/প্রশাসনিক কর্মকর্তার(কল্যাণ) এর যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে।

(২) প্রধান কার্যালয়, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক মঞ্জুরীকৃত যৌথবীমার দাবীনামা, শিক্ষা বৃত্তি, চিকিৎসা/দাফন-কাফন/অন্তেষ্টিক্রিয়া, ষ্টাফ বাস কর্মসূচী, কল্যাণমূলক কার্যক্রম ও প্রাতিষ্ঠানিক ব্যাংক লেনদেন উপ-পরিচালক (কর্মসূচী ও যৌথবীমা) ও সহকারী পরিচালক (কর্মসূচী)/প্রশাসনিক কর্মকর্তার(যৌথবীমা) এর যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে।

(৩) বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক মঞ্জুরীকৃত মাসিক কল্যাণ ভাতা, বিশেষ সাহায্য, যৌথবীমার দাবীনামা, শিক্ষা বৃত্তি, চিকিৎসা/দাফন-কাফন/অন্তেষ্টিক্রিয়া, ষ্টাফ বাস কর্মসূচী, কল্যাণমূলক কার্যক্রম এবং প্রাতিষ্ঠানিক ব্যাংক লেনদেন উপ-পরিচালক ও সহকারী পরিচালক/কল্যাণ অফিসার এর যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে। উপ-পরিচালক না থাকলে অতিরিক্ত বিভাগীয় কমিশনার ও সহকারী পরিচালক অথবা কল্যাণ অফিসারের যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে।

(৪) বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর কল্যাণ তহবিল ও যৌথবীমা তহবিল পরিচালনার জন্য নিম্মোক্ত শিরোনামে কল্যাণ তহবিলের জন্য সোনালী ব্যাংক এবং যোথবীমা তহবিলের জন্য জনতা ব্যাংকে হিসাব খুলতে হবে ঃ-

**(ক) কল্যাণ তহবিল ঃ**

১। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, কল্যাণ তহবিল (প্রাতিষ্ঠানিক), এস,টি,ডি হিসাব।

২। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, কল্যাণ তহবিল (জমা) এস,টি,ডি হিসাব।

৩। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, কল্যাণ তহবিল (দাবী নামা ও বিশেষ সাহায্য) চলতি হিসাব।

**(খ) যৌথবীমা তহবিল ঃ**

১। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, যৌথবীমা তহবিল(প্রাতিষ্ঠানিক), এস,টি,ডি হিসাব।

২। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, যৌথবীমা তহবিল (জমা) এস,টি,ডি হিসাব।

৩। বাংলাদেশ কর্মচারী কল্যান বোর্ড, যৌথবীমা তহবিল (দাবীনামা) চলতি হিসাব।

CamScanner

**বিষয় ঃ ৭। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (কল্যাণ তহবিল এবং যৌথবীমা তহবিল) এর ২০০৩-২০০৪ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং ২০০৪-২০০৫ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট।**

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (কল্যাণ তহবিল এবং যৌথবীমা তহবিল) এর ২০০৩-২০০৪ অর্থ বছরের সংশোধিত ও ২০০৪-২০০৫ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট সভায় উপস্থাপন করা হয়। ২০০৩-২০০৪ অর্থ বছরের সংশোধিত বাজেটের ওপর বিস্তারিত আলোচনার পর কল্যাণ তহবিলের দাবীনামা ও বিশেষ সাহায্যের ক্ষেত্রে টাঃ ৪০,০০,০০,০০০/- ( চল্লিশ কোটি) এর স্থলে টাঃ ৪৩,০৫,০০,০০০/- (তেতাল্লিশ কোটি পাঁচ লক্ষ) এবং প্রাতিষ্ঠানিক খরচ খাতে টাঃ ৭২,২৪,০০০/- (বাহাত্তর লক্ষ চব্বিশ হাজার) এর স্থলে টাঃ ৮৩,৯৪,০০০/- (তিরাশি লক্ষ চুরানব্বই হাজার) সংশোধিত বাজেটে অনুমোদিত হয়। যৌথবীমা তহবিলের প্রাতিষ্ঠানিক খরচ খাতে টাঃ ৪২,৯৪,৪০২.৯৩ (বিয়াল্লিশ লক্ষ চুরানব্বই হাজার চারশত দুই এবং পয়সা তিরানব্বই) এর স্থলে টাঃ ৪৭,২৩,৪০২.৯৩ (সাত চল্লিশ লক্ষ তেইশ হাজার চারশত দুই এবং পয়সা তিরানব্বই) সংশোধিত বাজেট এবং ২০০৪-২০০৫ অর্থ বছরের প্রস্তাবিত বাজেটের ওপর বিস্তারিত আলোচনার পর কমিটি ২০০৩-২০০৪ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং ২০০৪-২০০৫ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট অনুমোদন করা হয় (পরিশিষ্ট 'খ' ও 'গ')।

<u>সিদ্ধান্ত</u> ঃ বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের (কল্যাণ তহবিল ও যৌথবীমা তহবিল) ২০০৩-২০০৪ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং ২০০৪-২০০৫ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

**বিষয় ঃ ৮। বিবিধ।**

**আলোচনা (১)ঃ বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের নিজস্ব জায়গায় বহুতল ভবন নির্মান প্রসঙ্গে ঃ**

সভায় বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর রাজউক এভিনিউ এর ৬নং প্লট এর ৩.১৫ বিঘা জমির ওপর বহুতল ভবন নির্মানের বিষয় আলোচনা হয়। এ প্রসঙ্গে প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর জানান যে, বহুতল ভবন নির্মানের Feasibility Study করার জন্য ১৬ লক্ষ ৮৮ হাজার টাকা লাগবে মর্মে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় কর্তৃক জানানো হয়। ঐ বিষয়ে সভাপতি মহোদয় মত ব্যক্ত করেন যে, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে সম্ভাব্যতা যাচাইয়ের প্রয়োজন নেই। সরকারী অনুদানে উক্ত জমিতে বহুতল ভবন নির্মান করে অর্থনৈতিকভাবে আয়বর্ধক প্রকল্প গ্রহন করা যেতে পারে। তিনি আরও মত ব্যক্ত করেন যে, গণপূর্ত অধিদপ্তরের প্রধান প্রকৌশলী স্থাপত্য অধিদপ্তরের প্রধান স্থপতির মাধ্যমে নকসা প্রণয়ন এবং তার ভিত্তিতে প্রাক্কলন তৈরী করে বহুতল ভবন নির্মান কাজ গণপূর্ত অধিদপ্তর সম্পাদন করবে। ভবন নির্মানের জন্য প্রাক্কলিত অর্থ সরকার হতে অনুদান হিসাবে চাওয়া হবে এবং ভবন থেকে যে আয় হবে তা বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের আয় হিসাবে গণ্য হবে।

<u>সিদ্ধান্ত</u> ঃ গণপূর্ত অধিদপ্তরের প্রধান প্রকৌশলী ও স্থাপত্য অধিদপ্তরের প্রধান স্থপতির মাধ্যমে বহুতল ভবন নির্মানের সম্ভাব্যতা যাচাই (Feasibility Study) সহ নকশা প্রণয়ন এবং তার ভিত্তিতে প্রাক্কলন তৈরী করে গণপূর্ত অধিদপ্তর বহুতল ভবন নির্মানের জন্য ১ (এক) মাসের মধ্যে সুপারিশ সচিব, সংস্থাপন মন্ত্রণালয়ের নিকট পেশ করবে।

**আলোচনা (২)ঃ** **২০০৩-২০০৪ অর্থ বছরের (কল্যাণ ও যৌথবীমা) সংশোধিত বাজেট প্রসঙ্গেঃ**

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের (কল্যাণ ও যৌথবীমা) ২০০৩-২০০৪ অর্থ বছরের সংশোধিত বাজেটের ওপর বিস্তারিত আলোচনা কালীন বোর্ড সভাপতি মত ব্যক্ত করেন যে, বোর্ডের কার্যাবলীর ৬(৩) ধারা অনুযায়ী কোন কর্মচারী সরকারী দায়িত্ব পালনের কারনে ব্যক্তিগতভাবে মামলায় জড়িত হয়ে পড়লে তাকে আইনগত ও আর্থিক সহায়তা প্রদানের বিষয়ে সংশোধিত বাজেটে টাঃ ৫.০০ লক্ষ (পাঁচ লক্ষ) মাত্র অর্থ সংস্থান রাখা যেতে পারে।

**সিদ্ধান্ত ঃ** বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের কার্যাবলীর ৬(৩) ধারা অনুযায়ী কোন কর্মচারী সরকারী দায়িত্ব পালনের কারনে ব্যক্তিগতভাবে মামলায় জড়িত হয়ে পড়লে তাকে আইনগত ও আর্থিক সহায়তা প্রদানের লক্ষ্যে বোর্ডের কল্যাণ তহবিলে টাঃ ৫.০০ লক্ষ (পাঁচ লক্ষ) মাত্র অর্থ সংস্থা রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচনা (৩)ঃ** **বি,আর,টি,সি ভাড়াকৃত বাসের ভাড়া বৃদ্ধি প্রসঙ্গেঃ**

সরকারী কর্মকর্তা/কর্মচারীদের অফিসে সময়মত আনা-নেয়ার জন্য বি,আর,টি,সি ৭ টি দ্বিতল বাস ও ১ টি ৫২ আসন বিশিষ্ট বাস ভাড়ায় প্রদান করা হয়েছে বলে বিআরটিসির পরিচালক(অর্থ) কর্তৃক বোর্ড সভাকে অবহিত করা হয়। তিনি জ্বালানী ও অন্যান্য রক্ষণাবেক্ষণ ব্যয় বৃদ্ধির কারণে বি,আর,টি,সি বাসের ভাড়া বৃদ্ধির দাবী করেন। এ প্রেক্ষিতে বোর্ডের মহা-পরিচালক জানান যে, এ বিষয়ে সংস্থাপন মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব(প্রশাসন)-কে সভাপতি করে একটি কমিটি রয়েছে। উক্ত কমিটির রির্পোট পাওয়া গেলে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করা হবে।

**সিদ্ধান্ত ঃ** বি,আর,টি,সি-র বর্ধিত ভাড়াকৃত বাসের ভাড়া বৃদ্ধির বিষয়ে গঠিত কমিটির প্রতিবেদন পাওয়ার পর প্রয়োজনীয় পদেক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়।

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(সফর রাজ হোসেন)
ভারপ্রাপ্ত সচিব
সংস্থাপন মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

সচিব
সংস্থাপন মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর ২৯-০২-২০০৪ তারিখে অনুষ্ঠিত ১ম সভায় উপস্থিত সদস্য ও কমকর্তাগণের নামের তালিকা নিম্নরূপ (স্বাক্ষরের ক্রমানুসারে) :

১। এম. এ. রাজ্জেক
মহা-পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

২। মিয়া মুশতাক আহমদ
কমিশনার, ঢাকা বিভাগ।

৩। মোঃ আব্দুস সালাম খান
কমিশনার, সিলেট বিভাগ।

৪। মোঃ আব্দুল কুদ্দুস
কমিশনার, বরিশাল বিভাগ।

৫। মোঃ নাজমুল আহসান
কমিশনার, খুলনা বিভাগ।

৬। মোঃ আশরাফুল মকবুল
কমিশনার, চট্টগ্রাম বিভাগ।

৭। সৈয়দ নকীব মুসালম
যুগ্ম-সচিব (প্রশাসন), সংস্থাপন মন্ত্রণালয়।

৮। মোঃ আব্দুল হাকিম মন্ডল
যুগ্ম-সচিব (প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ।

৯। মোঃ এমদাদুল হক
যুগ্ম-সচিব (মতামত), আইন মন্ত্রণালয়।

১০। সম্পদ বড়ুয়া,
উপ-সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

১১। সানোয়ার হোসেন
উপ-পরিচালক (কর্মসূচী), প্রধান কার্যালয়, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

১২। মোঃ আজিজুল হক
উপ-সচিব (স ওক), সংস্থাপন মন্ত্রণালয়।

১৩। দিলজুয়ারা খানম
সিনিয়র সহকারী সচিব (কল্যাণ), সংস্থাপন মন্ত্রণালয়।

১৪। মোঃ আবুল কাশেম
মহা-পরিচালক, মিলিটারী অডিট।

১৫। খন্দকার সাখাওয়াত হোসেন
উপ-পরিচালক, বিভাগীয় কার্যালয়, খুলনা, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

১৬। মহীতোষ দে আমিন
উপ-পরিচালক(চঃদাঃ), বিভাগীয় কার্যালয়, বরিশাল, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

১৭। খন্দকার খালেদা খানম
উপ-পরিচালক, বিভাগীয় কার্যালয়, ঢাকা, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

১৮। মোঃ শাহ্ জাহান মিয়া
উপ-পরিচালক, বিভাগীয় কার্যালয়, সিলেট, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

CamScanner

১৯। মোঃ তৌফিকুল বাশার
উপ-পরিচালক, বিভাগীয় কার্যালয়, রাজশাহী, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

২০। প্রফেসর এ, এস, এম, সালাহ্ উদ্দীন
পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।

২১। সৈয়দ ইনামুল হক, এফ,সি,এ
পরিচালক (অর্থ), বিআরটিসি।

২২। এ, এস, এম, কবির
উপ-পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

২৩। ওমর ফারুক চৌধুরী
অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর।

২৪। এ, কে, এম, রফিকুল ইসলাম
অতিরিক্ত কমিশনার ও ভারপ্রাপ্ত কমিশনার, রাজশাহী বিভাগ।

২৫। এ, এফ, এম, মঞ্জুরুল ইসলাম
প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর।

২৬। ডাঃ মোঃ আবদুর রশীদ
পরিচালক (হাসপাতাল), স্বাস্থ্য অধিদপ্তর।

২৭। এ, কে, এম, মোবাশ্বের হোসাইন
উপ-পরিচালক, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

২৮। মোঃ ইদ্রিছ মিয়া
হিসাব রক্ষণ অফিসার, কল্যাণ তহবিল, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

২৯। মোঃ আলাউদ্দিন
সহকারী হিসাব রক্ষণ অফিসার, যৌথবীমা তহবিল, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

৩০। হাবিবুন নাহার
সহকারী পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

৩১। মাহফুজুর রহমান
সহকারী পরিচালক (কর্মসূচী), প্রধান কার্যালয়, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

৩২। মোঃ ইউনুছ আলী মিয়া
কল্যাণ অফিসার (কর্মসূচী), প্রধান কার্যালয়, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

৩৩। মোঃ আবু সাঈদ
উচ্চমান সহকারী, কল্যাণ তহবিল, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

CamScanner

| | | বছরের বাজেট (অনুমিত আয়) | বছরের আয় (৩১-১২-২০০৩ পর্যন্ত) | বছরের সংশোধিত বাজেট | বছরের প্রকৃত আয় |
|---|---|---|---|---|---|
| ০১। | সরকারী কর্মকর্তা/ কর্মচারীদের কল্যাণ তহবিলের চাঁদা বাবদ | ২৮,০০,০০,০০০.০০ | ১১,২০,৭৭,৩৭৬.০০ | ২৩,০০,০০,০০০.০০ | ২২,৯৩,২৬,৯৮৩.০০ |
| ০২। | স্বায়ত্বশাসিত সংস্থার কর্মকর্তা/ কর্মচারীদের কল্যাণ তহবিলের চাঁদা বাবদ | ৪০,০০,০০০.০০ | ১০,৮৬,৫৫৮.৫১ | ৩২,০০,০০০.০০ | ৩১,৬৩,৪৮৩.৯৯ |
| ০৩। | স্থায়ী আমানতের মুনাফা | ৩৯,২৩,১১,৪১৭.০০ | ১৮,৬৮,৩৭,০০০.০০ | ১৮,৬৮,৩৭,০০০.০০ | ১৯,৩৮,২৬,৯৬৩.০০ |
| ০৪। | স্বল্প মেয়াদী আমানতের মুনাফা | ১০,০০,০০০.০০ | ৬,৩৪,৬১০.২৪ | ৮,০০,০০০.০০ | ১২,৭৩,১৯৩.৯৯ |
| ০৫। | বিবিধ প্রাপ্তি | | | | |
| (ক) | অগ্রিম আদায় ও অন্যান্য | ৫,০০,০০০.০০ | ২,০৬,২২২.৫৫ | ৫,০০,০০০.০০ | ৪,০৫,৩৩১.৭৫ |
| (খ) | ভবিষ্য তহবিলের চাঁদা কর্তন | ৩,০০,০০০.০০ | ১,৫৩,০০০.০০ | ৩,০০,০০০.০০ | ২,৬৯,০০০.০০ |
| | সর্বমোট : | ৬৭,৮১,১১,৪১৭.০০ | ৩০,৩৯,৯৮,৭৬৭.৩০ | ৪২,১৬,৩৭,০০০.০০ | ৪২,৮২,৩৪,৯২৫.৭১ |

| নং | | বছরের বাজেট (অনুমিত ব্যয়) | ব্যয় (৩১-১২-২০০৩ পর্যন্ত) | বছরের সংশোধিত বাজেট | প্রকৃত ব্যয় |
|---|---|---|---|---|---|
| ০১।(ক) | অধ্যাদেশ -১০(এ) বি ধারা মতে মৃত/অক্ষম/ কর্মকর্তা/ কর্মচারীদের পরিবারবর্গদের কে দেয় কল্যাণ ভাতা বাবদ | ৪০,০০,০০,০০০.০০ | ১০,৭৫,৭৯,১৮৮.৩৬ | ৩৫,০০,০০,০০০.০০ | ৩৫,৪৫,৭৩,৮৭১.১৩ |
| (খ) | অধ্যাদেশ-৩(এ)৩ সি ধারা মতে বিশেষ সাহায্য, শিক্ষাবৃত্তি, ৪র্থ শ্রেণীর কর্মচারীদের বিশেষ শিক্ষাবৃত্তি এবং দাফন-কাফন বাবদ | ১০,০০,০০,০০০.০০ | ৩,১৪,৬৬,৮৭০.০০ | ৮,০০,০০,০০০.০০ | ১০,৪৩,৪৮,৪৬৯.০০ |
| (গ) | ৬(৩) ধারা মোতাবেক কোন কর্মচারী দায়িত্ব পালনকালে ব্যক্তিগতভাবে মামলায় জড়িত হইয়া পড়িলে তাহাকে আইনগত আর্থিক সহায়তা প্রদান | ৫,০০,০০০.০০ | - | ৫,০০,০০০.০০ | - |
| | মোট : | ৫০,০৫,০০,০০০.০০ | ১৩,৯০,৪৬,০৫৮.৩৬ | ৪৩,০৫,০০,০০০.০০ | ৪৫,৮৯,২২,৩৪০.১৩ |
| ০২। | প্রাতিষ্ঠানিক খরচ : | | | | |
| (ক) | অফিসারদের বেতন | ৫,০০,০০০.০০ | ১,৫৮,০৬৭.৮৩ | ৩,৫০,০০০.০০ | ২,৬৯,৬৭৮.৩৬ |
| (খ) | কর্মচারীদের বেতন | ১৬,০০,০০০.০০ | ৫,৫৭,১১৪.২৪ | ১২,৫০,০০০.০০ | ১০,৯০,০৬৭.৩০ |
| (গ) | অন্যান্য ভাতাদি :- | | | | |
| (০১) | বাড়ী ভাড়া ভাতা | ৮,০০,০০০.০০ | ৩,৩০,২৮১.৯৮ | ৭,০০,০০০.০০ | ৬,৪৯,৬৬৫.৭৩ |
| (০২) | চিকিৎসা/টিফিন ভাতা | ২,৫০,০০০.০০ | ৭১,৯৯৯.৯৯ | ১,৬০,০০০.০০ | ১,৪৪,০০০.০০ |
| (০৩) | যাতায়াত ভাতা | ৭৫,০০০.০০ | ১২,৯৫৯.৯৯ | ৩০,০০০.০০ | ২৫,৯২০.০০ |
| (০৪) | সম্মানী ভাতা | ৩০,০০০.০০ | ২৪০০.০০ | ৩০,০০০.০০ | ১৯,৫০০.০০ |
| (০৫) | ধোলাই ভাতা | ৫,০০০.০০ | ১৬৮০.০০ | ৫,০০০.০০ | ৩৩৬০.০০ |
| (০৬) | চিত্ত বিনোদন ভাতা | ৭৫,০০০.০০ | ১৪,৮৬৫.০০ | ৭০,০০০.০০ | ১৯,৫৫৫.০০ |
| (০৭) | ভ্রমন ভাতা | ২,০০,০০০.০০ | --- | ১,২৫,০০০.০০ | --- |
| (০৮) | উৎসব ভাতা | ৩,০০,০০০.০০ | ১,১৯,০০০.০০ | ২,৫০,০০০.০০ | ২,২৫,৮৯৫.০০ |
| (০৯) | কার্যভার ভাতা | ৫,০০০.০০ | ১,৫০০.০০ | ৫,০০০.০০ | ৩,০০০.০০ |
| (১০) | যৌথবীমার প্রিমিয়াম | ১৫,০০০.০০ | ৫,৩৪৭.২৭ | ১৫,০০০.০০ | ১০,৪৬১.৩৩ |
| (১১) | গ্র্যাচুইটি ও অবসরভাতা | ৩০,০০০.০০ | --- | ৩০,০০০.০০ | --- |
| (১২) | ভবিষ্য তহবিল পরিশোধ | ১,৫০,০০০.০০ | --- | ৫০,০০০.০০ | --- |
| (১৩) | ভবিষ্য তহবিল স্থানান্তর | ১,৫০,০০০.০০ | --- | ১,৫০,০০০.০০ | ১৫,৩৯৬.০০ |
| (১৪) | মহার্ঘ ভাতা | ১,৫০,০০০.০০ | ৫৮,১৮১.৮৮ | ১,২৫,০০০.০০ | --- |
| (১৫) | বাড়ী ভাড়া (বিভাগীয় অফিসের জন্য) | ১,৮০,০০০.০০ | | | |
| | মোট : | ৪৫,১৫,০০০.০০ | ১৩,১৩,৩৯৮.১৮ | ৩৩,৪৫,০০০.০০ | ২৪,৭৬,৪৮৮.৬৯ |
| (ঘ) | অন্যান্য অগ্রিম : | | | | |
| (০১) | মটর সাইকেল অগ্রিম | ১,৫০,০০০.০০ | --- | ১,৫০,০০০.০০ | ১,৪০,০০০.০০ |
| (০২) | গৃহ নির্মান অগ্রিম | ১,০০,০০০.০০ | ১,০০,০০০.০০ | ১,০০,০০০.০০ | --- |
| (০৩) | ভবিষ্য তহবিল অগ্রিম | ৫,০০,০০০.০০ | ২,৪৮,০০০.০০ | ৪,০০,০০০.০০ | ২,৮২,০০০.০০ |
| | মোট : | ৭,৫০,০০০.০০ | ৩,৪৮,০০০.০০ | ৬,৫০,০০০.০০ | ৪,২২,০০০.০০ |
| (ঙ) | অন্যান্য আনুষাঙ্গিক খরচ : | | | | |
| (০১) | আসবাব পত্র ক্রয় ও মেরামত | ৩,০০,০০০.০০ | --- | ৫০,০০০.০০ | --- |
| (০২) | টেলিফোন বিল | ১,০০,০০০.০০ | --- | ৪০,০০০.০০ | ২৯,৩৩৫.০০ |
| (০৩) | ৪র্থ শ্রেণীর কর্মচারীদের পোষাক | ২৫,০০০.০০ | --- | ২৫,০০০.০০ | --- |
| (০৪) | সার্ভিস ডাক টিকিট ক্রয় | ৫,০০,০০০.০০ | ১,০০,০০০.০০ | ৪,০০,০০০.০০ | ৩,০০,০০০.০০ |
| (০৫) | মনোহারী দ্রব্যাদি ক্রয় | ১,০০,০০০.০০ | ৯,৭১৫.০০ | ৫০,০০০.০০ | ৩৪,৪২৫.০০ |
| (০৬) | জমির খাজনা | ২৫,০০০.০০ | --- | ২৫,০০০.০০ | ১৭,৩০৭.০০ |
| (০৭) | আনুষঙ্গিক খরচ | ৫,০০,০০০.০০ | ১,৫৭,৭৮৭.৮৮ | ৫,০০,০০০.০০ | ২,৯৯,১৯৬.১৪ |
| (০৮) | আপ্যায়ন খরচ | ১,০০,০০০.০০ | ১৪,৮৬৫.০০ | ৪৫,০০০.০০ | ৪৬,১৭৭.০০ |
| (০৯) | টাইপ মেশিন ক্রয় ও মেরামত | ২০,০০০.০০ | --- | ৬,০০০.০০ | ২,৩২০.০০ |
| (১০) | বিজ্ঞাপন খরচ | ২৫,০০০.০০ | --- | ১০,০০০.০০ | --- |
| (১১) | পানি ও বিদ্যুৎ | ২,০০,০০০.০০ | --- | ২০,০০০.০০ | --- |
| (১২) | জ্বালানী খরচ | ২,০০,০০০.০০ | ৫৭,৩০০.৯৪ | ১,০০,০০০.০০ | ৮৩,৮২৫.৯৬ |
| (১৩) | ব্যাংক চার্জ | ২,০০,০০০.০০ | ৯১,৫৮৮.০০ | ১,৫০,০০০.০০ | ৫৩,২৩৫.০০ |
| (১৪) | কম্পিউটার ক্রয়, প্রশিক্ষণ এবং কম্পিউটার ও এ,সি, সংরক্ষণ | ১০,০০,০০০.০০ | ৩২,৯৪১.০০ | ১০,০০,০০০.০০ | ৭,৩০০.০০ |
| (১৫) | গাড়ী ক্রয় ও রক্ষণাবেক্ষণ | ১৮,০০,০০০.০০ | ৩৩,৩২০.০০ | ১৮,০০,০০০.০০ | ৪২,৭২৭.০০ |
| (১৬) | ফটোষ্ট্যাট মেশিন ক্রয় | ৮০,০০০.০০ | --- | ৮০,০০০.০০ | ৪,০০০.০০ |
| (১৭) | বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা | ২,০০,০০০.০০ | --- | ১,০০,০০০.০০ | ১,০০,০০০.০০ |
| | মোট : | ৫৩,৫০,০০০.০০ | ৪,৭৮,৫৪৭.৭২ | ৪৩,৯৯,০০০.০০ | ১০,১০,৪৭৮.১০ |
| | মোট প্রাতিষ্ঠানিক খরচ : | ১,০৬,১৫,০০০.০০ | ২২,৩৯,১৫২.৯০ | ৮৩,৯৪,০০০.০০ | ৩৯,০৮,১৭৪.৭৯ |
| | মোট ক্রমিক নং ১+২ : | ৫১,১১,১৫,০০০.০০ | ১৪,১২,৮৫,২১১.২৬ | ৪৩,৮৮,৯৪,০০০.০০ | ৪৬,২৮,৩০,৫১৪.৯২ |
| ০৩। | উদ্বৃত্ত / ঘাটতি | (-) ১৬,৬৯,৯৬,৪১৭.০০ | (+) ১৬,২৭,১৩,৫৫৬.০৪ | (-) ১,৭২,৫৭,০০০.০০ | (-) ৩,৪৫,৯৫,৫৮৯.২১ |
| | সর্বমোট : | ৬৭,৮১,১১,৪১৭.০০ | ৩০,৩৯,৯৮,৭৬৭.৩০ | ৪২,১৬,৩৭,০০০.০০ | ৪২,৮২,৩৪,৯২৫.৭১ |

Ex-budget_2003-2004 correction

| ক্রমিক নং | আয়ের খাত | ২০০৪-২০০৫ অর্থ বছরের বাজেট (অনুমিত আয়) | ২০০৩-২০০৪ অর্থ বছরের আয় (৩১-১২-২০০৩ পর্যন্ত) | ২০০৩-২০০৪ অর্থ বছরের সংশোধিত বাজেট | ২০০২-২০০৩ অর্থ বছরের প্রকৃত আয় |
|---|---|---|---|---|---|
| ১। | প্রারম্ভিক তহবিল | | | | |
| | (ক) ক্যাশ (কনটিনজেন্সি) | - | - | - | - |
| | (খ) চলতি হিসাব নং ৩৮৬১ এবং এস,টি,ডি হিসাব নং ১১, ১২ ও ২৮৩ | ৩৭,৩৪,৫১৮.৩৪ | ২,৬১,৯৯,৯২১.২৭ | ২,৬১,৯৯,৯২১.২৭ | ৪,৩৮,৫০,৯৬৩.৯৭ |
| | মোট : | ৩৭,৩৪,৫১৮.৩৪ | ২,৬১,৯৯,৯২১.২৭ | ২,৬১,৯৯,৯২১.২৭ | ৪,৩৮,৫০,৯৬৩.৯৭ |
| ২। (ক) | গেজেটেড সরকারী কর্মকর্তাদের প্রিমিয়াম | ৩,২৫,০০,০০০.০০ | ১,২৬,৪৬,৩২৪.০০ | ২,৯০,০০,০০০.০০ | ৩,২৫,৬২,৩১৩.০০ |
| (খ) | স্বায়ত্বশাসিত সংস্থার প্রিমিয়াম | ৩০,০০,০০০.০০ | ৮,৩৪,৯৮০.৬৬ | ৩০,০০,০০০.০০ | ২৪,৯২,৩৩৭.৯৮ |
| (গ) | নন-গেজেটেড সরকারী কর্মচারীদের প্রিমিয়াম বাবদ সরকারী অনুদান | ১৪,৫০,০০,০০০.০০ | ৭,২৫,০০,০০০.০০ | ১৪,৫০,০০,০০০.০০ | ১৪,৫০,০০,০০০.০০ |
| (ঘ) | স্থায়ী আমানতের মুনাফা | ১৫.১৬,০০,০০০.০০ | --- | --- | ৭২,৭৩,৫৯১.০০ |
| (ঙ) | স্বল্প মেয়াদী আমানতের মুনাফা | ৫,০০,০০০.০০ | ৮১,৪২১.০০ | ১০,০০,০০০.০০ | ৪,০২,৮৩৮.০০ |
| (চ) | বিবিধ (অগ্রিম আদায় ও অন্যান্য) | ২,০০,০০০.০০ | ৬৮,৪০৩.০০ | ২,০০,০০০.০০ | ১,৪৭,৪১৬.৫৩ |
| (ছ) | ভবিষ্য তহবিলের চাঁদা | ৪,০০,০০০.০০ | ১,৪২,৯০০.০০ | ৪,০০,০০০.০০ | ২,৬৩,৪০০.০০ |
| (জ) | সাধারণ ভবিষ্য তহবিলের অগ্রিম আদায় | ২,৫০,০০০.০০ | ৯৯,৭৯০.০০ | ২,৫০,০০০.০০ | ১,৬৯,৬৭৫.০০ |
| | সর্বমোট : | ৩৫,৭১,৯৪,৫১৮.৩৪ | ১১,২২,৭৫,৭৫৯.৯৩ | ২০,৫০,৪৯,৯২১.২৭ | ২৫,২১,৬২,৫৫৫.২৮ |

| ক্রমিক নং | ব্যয়ের খাত | ২০০৪-২০০৫ অর্থ বছরের বাজেট (অনুমিত ব্যয়) | ২০০৩-২০০৪ অর্থ বছরের ব্যয় (৩১-১২-২০০৩ পর্যন্ত) | ২০০৩-২০০৪ অর্থ বছরের সংশোধিত বাজেট | ২০০২-২০০৩ অর্থ বছরের প্রকৃত ব্যয় |
|---|---|---|---|---|---|
| ০১। | যৌথবীমার দাবী পরিশোধ | ২১,০০,০০,০০০.০০ | ৫,৯৫,৭৮,১৯৭.০০ | ১৯,৬৫,৯২,০০০.০০ | ২০,৩২,২১,৫১৭.০০ |
| | মোট : | ২১,০০,০০,০০০.০০ | ৫,৯৫,৭৮,১৯৭.০০ | ১৯,৬৫,৯২,০০০.০০ | ২০,৩২,২১,৫১৭.০০ |
| ০২। | প্রাতিষ্ঠানিক খরচঃ | | | | |
| | (ক) বেতন ভাতাদি | | | | |
| | (১) অফিসারদের বেতন | ৩,৫০,০০০.০০ | ৯৮,৫৭২.৭৫ | ২,৪০,০০০.০০ | ২,২৬,৮০১.০০ |
| | (২) কর্মচারীদের বেতন | ১২,০০,০০০.০০ | ৪,৫৩,০৭৩.৮০ | ১০,০০,০০০.০০ | ৮,৯০,২৬৭.৪৫ |
| | (৩) বাড়ী ভাড়া ভাতা | ৭,৫০,০০০.০০ | ২,৬৩,০৬১.১৪ | ৬,০০,০০০.০০ | ৫,২২,২৮০.১৪ |
| | (৪) চিকিৎসা ভাতা | ১.২৫,০০০.০০ | ৪৫,০০০.০০ | ৯৫,০০০.০০ | ৯০,০০০.০০ |
| | (৫) যাতায়াত ও টিফিন ভাতা | ৭৫,০০০.০০ | ২৩,৭০০.১৩ | ৫০,০০০.০০ | ৪৭,১৪৩.৩০ |
| | (৬) কার্যভার ভাতা | ১০,০০০.০০ | ১,৭৩৩.৩৩ | ৫,০০০.০০ | ২,৮৭৬.৪৯ |
| | (৭) ধোলাই ভাতা | ৫,০০০.০০ | ১,২৬০.০০ | ৩,০০০.০০ | ২,২২০.০০ |
| | (৮) অবসর ভাতা | ১০,০০,০০০.০০ | --- | ১০,০০,০০০.০০ | ১,১৯,১২২.৬৩ |
| | (৯) চিত্ত বিনোদন ভাতা | ৭০,০০০.০০ | ১৩,১৭০.০০ | ৪২,০০০.০০ | ২৯,৭৭৫.০০ |
| | (১০) ভবিষ্য তহবিল পরিশোধ (চূড়ান্ত) | ৩,৫০,০০০.০০ | ১,২৫,৯৪৭.০০ | ২,৫০,০০০.০০ | ২,১৪,০০০.০০ |
| | (১১) ভবিষ্য তহবিল হস্তান্তর | ৩,০০,০০০.০০ | ৭,৪৪৫.২৫ | ২৬,০০০.০০ | --- |
| | (১২) ভ্রমন ভাতা | ১,০০,০০০.০০ | --- | ১,২৫,০০০.০০ | --- |
| | (১৩) উৎসব ভাতা | ৩,০০,০০০.০০ | ৯১,৪০২.৫০ | ২,৩৫,০০০.০০ | ১,৯৪,২৭৫.০০ |
| | (১৪) সম্মানী ভাতা | ৪৫,০০০.০০ | --- | ১৫,০০০.০০ | ২০,০০০.০০ |
| | (১৫) মহার্ঘ ভাতা | ১.৭৫,০০০.০০ | ৪৫,৬৫৩.৯৫ | ১,২৪,০০০.০০ | --- |
| | (১৬) বাড়ী ভাড়া(বিভাগীয় অফিসের জন্য) এবং পানি ও বিজলী | ২,৮০,০০০.০০ | --- | --- | --- |
| | মোট : | ৫১,৩৫,০০০.০০ | ১১,৭৩,০৪৯.৭৫ | ৩৭,৮০,০০০.০০ | ২৩,৪১,৯৮৩.০১ |
| | (খ) বিভিন্ন অগ্রিম : | | | | |
| | (১) সাইকেল অগ্রিম | --- | --- | --- | --- |
| | (২) মটর সাইকেল অগ্রিম | ৭০,০০০.০০ | ৩৫,০০০.০০ | ৩৫,৪০২.৯০ | --- |
| | (৩) গৃহ নির্মান অগ্রিম | ২,৫০,০০০.০০ | --- | ১,০০,০০০.০০ | --- |
| | (৪) সাধারণ ভবিষ্য তহবিল অগ্রিম | ৫,০০,০০০.০০ | ১,৫৪,০০০.০০ | ৩,৫০,০০০.০০ | ১,৯৬,৭০০.০০ |
| | মোট : | ৮,২০,০০০.০০ | ১,৮৯,০০০.০০ | ৪,৮৫,৪০২.৯০ | ১,৯৬,৭০০.০০ |
| | (গ) অন্যান্য প্রাতিষ্ঠানিক খরচ : | | | | |
| | (১) আসবাবপত্র ক্রয় ও মেরামত | ৩,০০,০০০.০০ | --- | ৫০,০০০.০০ | ২৫,১৪৫.০০ |
| | (২) ফটোস্টাট মেশিন রক্ষনাবেক্ষন | ২০,০০০.০০ | --- | ২০,০০০.০০ | --- |
| | (৩) সার্ভিস ডাক টিকেট ক্রয় | ২,৫০,০০০.০০ | ৬০,০০০.০০ | ৬০,০০০.০০ | ৫০,০০০.০০ |
| | (৪) চতুর্থ শ্রেণীর কর্মচারীদের পোষাক | ৩০,০০০.০০ | --- | ২০,০০০.০০ | ২,৬৮৫.০০ |
| | (৫) টাইপ মেশিন মেরামত | ১০,০০০.০০ | --- | ৫,০০০.০০ | --- |
| | (৬) মনোহারী দ্রব্য | ১,০০,০০০.০০ | ৫,০০০.০০ | ৩০,০০০.০০ | ২৪,৩৮৮.০০ |
| | (৭) টেলিফোন | ১,০০,০০০.০০ | ৩,৫০৮.০০ | ৫৫,০০০.০০ | ২১,২৫০.০০ |
| | (৮) ব্যাংক চার্জ | ৫,০০০.০০ | ১,২৪৮.০০ | ৩,০০০.০০ | ২,৯৫৭.০০ |
| | (৯) আনুষাঙ্গিক | ২,০০,০০০.০০ | ৪১,৪৪২.০০ | ২,০০,০০০.০০ | ১৯,৯৯৮.০০ |
| | (১০) আপ্যায়ন | ১৫,০০০.০০ | --- | ১৫,০০০.০০ | --- |
| | মোট : | ১০,৩০,০০০.০০ | ১,১১,১৯৮.০০ | ৪,৫৮,০০০.০০ | ১,৪৬,৪০৪.০০ |
| | মোট প্রাতিষ্ঠানিক খরচ (ক+খ+গ) | ৬৯,৮৫,০০০.০০ | ১৪,৭৩,২৪৭.৭৫ | ৪৭,২৩,৪০২.৯০ | ২৭,৪১,০৪৭.০১ |
| | মোট কলাম নং (১+২) | ২১,৬৯,৮৫,০০০.০০ | ৬,১০,২১,৭৬৪.৭৫ | ২০,১৩,১৫,৪০২.৯০ | ২০,৫৯,৬২,৫৬৪.০১ |
| ০৩। | উদ্বৃত্ত / ঘাটতি | ১২,০২,১১,৫১৮.৩৪ | ৫,১২,৫৩,৯৯২.১৮ | ৩৭,৩৪,৫১৮.৩৪ | ২,৬১,৯৯,৯২১.২৭ |
| | সর্বমোট : | ৩৫,৭১,৯৪,৫১৮.৩৪ | ১১,২২,৭৫,৭৫৯.৯৩ | ২০,৫০,৪৯,৯২১.২৭ | ২৫,২১,৬২,৫৫৫.২৮ |

G:\budget_2003-2004_correction